



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



103816

নং-বামাশিবো/প্রশাসন/ ১১/১০ /চাঁদপুর-৫৯

তারিখ: ২২ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
০২ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন ফতেহপুর ওল্ড স্কীম দাখিল মাদ্রাসায় আলহাজ্ব এ. বি. এস. এম আবদুল্লাহকে সুপার পদে পুনর্বহাল প্রসঙ্গে

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/চাঁদপুর-৫৯/৪৫/৪; তারিখ: ২৩.০৭.২০২০ খ্রি.
(২) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/০৬/০৪/চাঁদপুর-৫৯; তারিখ: ০৯/০৩/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন ফতেহপুর ওল্ড স্কীম দাখিল মাদ্রাসার সুপার (সাময়িক বরখাস্তকৃত) জনাব আলহাজ্ব এ.বি.এস.এম আবদুল্লাহ কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-১৪২১২/২০১৯ এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট তার ২২.০৮.২০১৯খ্রি. তারিখের দরখাস্ত নিষ্পত্তির জন্য বোর্ডকে নির্দেশ প্রদান করেন। অত্র বোর্ড মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন ১৪২১২/২০১৯ এর আদেশে এ.বি.এস.এম আবদুল্লাহ ২২.০৮.২০১৯ খ্রি. তারিখের দরখাস্ত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র চেয়ে সূত্রোক্ত ০১ নং স্মারকে সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে পত্র প্রেরণ করা হয়। সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার জবাব না দিলেও সাময়িক বরখাস্তকৃত সুপার এ.বি.এস.এম আবদুল্লাহ গত ৩০.১২.২০২০ খ্রি. তারিখে প্রয়োজনীয় কাগজপত্রসহ জবাব প্রেরণ করেন। জবাব পর্যালোচনায় দেখা যায়, উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, চাঁদপুর কর্তৃক সাময়িক বরখাস্তকৃত সুপার এ.বি.এস.এম আবদুল্লাহ এর বরখাস্ত বিষয়ক তদন্ত প্রতিবেদন সংযুক্ত রয়েছে। তদন্ত প্রতিবেদনে সুপারের বরখাস্ত প্রক্রিয়া সঠিক হয়নি মর্মে মতামত দিয়েছেন। সাময়িক বরখাস্তকৃত সুপার কর্তৃক জবাবের প্রেক্ষিতে অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত নেওয়া হলে বিষয়টি জটিল ও দ্বন্দ্বিক প্রকৃতির হওয়ায় উভয় পক্ষের উপস্থিতিতে শুনানী প্রয়োজন মর্মে মতামত দেন। অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত ও মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশ মোতাবেক জনাব আলহাজ্ব এ.বি.এস.এম আবদুল্লাহ এর ২২.০৮.২০১৯খ্রি. তারিখের দরখাস্ত/অভিযোগ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত ১৬.০৩.২০২১ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ০৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য দাখিল করার জন্য সভাপতি, সুপার (ভারপ্রাপ্ত) ও সুপার (সাময়িক বরখাস্তকৃত) জনাব আলহাজ্ব এ.বি.এস.এম আবদুল্লাহকে সূত্রোক্ত ০২ নং স্মারকে পত্র দেয়া হয়।

পত্রের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত সুপার জনাব এস.এম হেলাল উদ্দিন ও সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব আলহাজ্ব এ.বি.এস.এম আবদুল্লাহ স্ব-শরীরে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল করেন। দাখিলকৃত কাগজপত্র ও বক্তব্য বিস্তারিত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব আলহাজ্ব এ.বি.এস.এম আবদুল্লাহ এর বিরুদ্ধে আনীত অভিযোগ বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকরিবিধি-১৯৭৯ এর বিধি- ১৪(১) অনুসারে যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করায় বরখাস্তকরণ প্রক্রিয়া সঠিক হয়নি।

বর্ণিত অবস্থায় আলহাজ্ব এ.বি.এস.এম আবদুল্লাহ এর বরখাস্ত বিষয়ে বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকরিবিধি-১৯৭৯ এর বিধি- ১৪(১) অনুসারে যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করায় পত্র জারির পর থেকে তিনি সুপার পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো এবং মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ এতদ্বারা বাস্তবায়ন করা হলো।


যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

- (১) সভাপতি,
ফতেহপুর ওল্ড স্কীম দাখিল মাদ্রাসা, তুলপাই ফতেহপুর, কচুয়া, চাঁদপুর;
- (২) জনাব আলহাজ্ব এ.বি.এস.এম আবদুল্লাহ, সুপার,
ফতেহপুর ওল্ড স্কীম দাখিল মাদ্রাসা, তুলপাই ফতেহপুর, কচুয়া, চাঁদপুর;


২২.০৪.২০

মো: সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd


২২/০৪/২০২১

নং-বামাশিবো/প্রশাসন/ ১১/১০ /চাঁদপুর-৫৯

তারিখ: ২২ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
০২ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ


সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. জেলা প্রশাসক, চাঁদপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর;
৪. উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, চাঁদপুর;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কচুয়া, চাঁদপুর;
৬. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি., শাখা, কচুয়া, চাঁদপুর;
৭. জনাব এস.এম হেলাল উদ্দিন, সহ-সুপার,
ফতেহপুর ওল্ড স্কীম দাখিল মাদ্রাসা, তুলপাই ফতেহপুর, কচুয়া, চাঁদপুর;
৮. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।


২২/৪/২১

মো: ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd


২২/০৪/২০২১